

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪৯৯

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৪. মন্দ চরিত্র সম্পর্কে ভীতি প্রদর্শন

## আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم: «خَصْلَتَانِ لَا يَجْتَمِعَانِ فِي مُؤْمِنٍ: الْبُخْلُ, وَسُوءُ الْخُلُقِ». أَخْرَجَهُ التِّرْمِذِيُّ, وَفِي سَنَدِهِ ضَعَفْ

ضعيف. رواه الترمذي (1962) وقال: «غريب لا نعرفه إلا من حديث صدقة بن موسى». قلت: وهو ضعيف، سيئ الحفظ

বাংলা

১৪৯৯। আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: কোন মুমিনের মধ্যে দু'টো চরিত্র একত্রিত হয় না, কৃপণতা ও মন্দ চরিত্র।[1]

## **English**

Abu Sa'id al-Khudri (RAA), narrated that the Messenger of Allah (ﷺ) said: "There are two characteristics which are not combined in a believer; miserliness and bad morals." Related by At-Tirmidhi with a weakness in its chain of narrators.

## ফুটনোট

[1] এই হাদীসটির হুকুমে দুদল মুহাদ্দিসীন দু' ধরনের মত পাওয়া যাচ্ছে। এক দলের মধ্যে যারা রয়েছেন,



তাদের মধ্যে ইমাম মুন্যিরী তাঁর তারগীব ওয়াত তারহীব (৩/৩৩৯) গ্রন্থে হাদীসটিকে হাসান হওয়ার সম্ভাবনাকে উড়িয়ে দেয়া যায় না। ইমাম সুয়ৢত্বী তাঁর আল জামেউস সগীর (৩৯১৫) গ্রন্থে হাদীসটিকে সহীহ বলেছেন। শাইখ আলবানী তাঁর সহীহ তারগীব (২৬০৮) গ্রন্থে হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। পক্ষান্তরে দ্বিতীয় মতে হাদীসটিকে যারা দুর্বল বলেছেন তাদের মধ্যে শাইখ আলবানীই আবার সিলসিলা যাঈফা (১১১৯), যঈফুল জামে (২৮৩৩), তাখরীজ মিশকাতুল মাসাবীহ (১৮১২), যঈফ তিরমিয়ী (১৯৬২) গ্রন্থসমূহে হাদীসটি দুর্বল বলেছেন। ইমাম দারাকুতনী তাঁর লিসানুল মীযানুল (২/৭৮) গ্রন্থে বলেন, এ হাদীসটি আবৃ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণনা করে বলেন, হাদীসটি প্রমাণিত নয়। ইবনু আবদুল বার তাঁর আত তামহীদ (১৬/২৫৪) গ্রন্থে আবৃ হুরাইরাহ, সূত্রে বর্ণিত এ হাদীসটিকে হাদীসটিকে জাল বলে অভিহিত করেছেন। ইমাম মিযয়ী তাঁর তাহযীবুল কামাল (৯/৮৯) গ্রন্থে বলেন, এ হাদীসের বর্ণনাকারীদের মধ্যে সাদাকাহ বিন মূসা নামক বর্ণনাকারী রয়েছে, যাকে ইবনু মুঈন, ইমাম আবৃ দাউদ , ইমাম নাসায়ী দুর্বল বলেছেন। ইবনু হাজারও তাখরীজ মিশকাতুল মাসাবীহ (২/২৮০) গ্রন্থে বলেছেন, এ হাদীসটি সাদাকাহ বিন মূসা এককভাবে বর্ণনা করেছেন, আর তিনি দুর্বল বর্ণনাকারী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন